


জননিরাপত্তা ব্যবস্থা

দ্রুত অ্যান্টিজেন টেস্ট কিটস

দ্রুত অ্যান্টিজেন টেস্টিং কিটগুলিতে কি কোনও ক্ষতিকারক বা রাসায়নিক পদার্থ থাকে যা ব্যবহারকারীদের মধ্যে ছড়িয়ে পড়ে?

দ্রুত অ্যান্টিজেন টেস্টিং কিট কখন বিপজ্জনক হয়ে ওঠে?

হেলথ কানাডা নিশ্চিত করেছে যে কিটগুলি নিরাপদ এবং কার্যকরী হয় যখন এগুলো যথাযথ কাজে ব্যবহার করা হয়। কিটগুলি কোনও রোগ ছড়ায় না এবং তারা কোভিড ১৯ ভাইরাস ছড়ায় না।



যদিও দ্রুত অ্যান্টিজেন টেস্টিং কিটগুলি সাধারণত ব্যবহার করা নিরাপদ, তারা রাসায়নিক সংরক্ষণকারী ধারণ করে। যদি কিটগুলি ভুলভাবে ব্যবহার করা হয় এবং যথাযত সতর্কতার সাথে ব্যবহার করা না হয় তবে স্বাস্থ্য সুরক্ষার সমস্যা সৃষ্টি করতে পারে।



কি করতে হবে?

দ্রুত অ্যান্টিজেন পরীক্ষার কিটগুলি শিশু এবং পোষা প্রাণীদের নাগালের বাইরে রাখুন।



তরল পদার্থগুলি গিলে ফেলবেন না, ত্বক এবং চোখ থেকে দূরে রাখুন।



ব্যবহারের পরে হাত পুঙ্খানুপুঙ্খভাবে ধুয়ে নিন



যথাযথ ফেলে দেওয়ার জন্য সমস্ত নির্দেশাবলী অনুসরণ করুন।



স্বাস্থ্য পণ্য-সম্পর্কিত পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে হেলথ কানাডায় রিপোর্ট করুন।

রিপোর্ট

দুর্ঘটনাজনিত রাসায়নিক দ্রব্য গ্রহণ বা সরাসরি ত্বকের সংস্পর্শের ক্ষেত্রে আপনার স্থানীয় বিষ তথ্য কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।



তথ্যসূত্রঃ
[Government of Canada](https://www.canada.ca)



COUNCIL OF
AGENCIES SERVING
SOUTH ASIANS



SOUTH ASIAN
VACCINE
ENGAGEMENT
COLLABORATIVE